

২১ জুন

জাবির বাজেট ঘোষণা শিক্ষাখাতে বরাদ্দ মাত্র ১১ ভাগ

প্রতিনিধি, জাবি

জামশীদনগর বিশ্ববিদ্যালয়ে ২০০৭-০৮ অর্থবছরের জন্য ৪৮ কোটি ৪০ লাখ টাকার বাজেট পেশ করা হয়েছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ২৬তম বার্ষিক সিনেট অধিবেশনে বিশ্ববিদ্যালয় কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ আবদুল হাই এ বাজেট পেশ করেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক খন্দকার নূরুজ্জামান প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সিনেট অধিবেশনে জানানো হয়, বাজেটে মন্ত্রণালয় কর্তৃক থেকে পাওয়া যাবে ৪৪ কোটি ৬০ লাখ টাকা। বাকি ৩ কোটি ৮০ লাখ টাকা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ আয় থেকে পাওয়া যাবে।

নূরুজ্জামান বাজেটে বরাদ্দের নতুন শিক্ষকদের বেতন-ভাতা খাতে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়েছে, যা মূল বাজেটের ৭৩ ভাগ। অন্যদিকে ছাত্র কৃষি ও ফেলোশিপ খাতে বাজেটের ১.১৯ ভাগ, গবেষণা খাতে ০.৫৩ ভাগ, শিক্ষাখাতে ১১.২৪ ভাগ, খেলাধুলা ও পাঠ বহির্ভূত খাতে ১.০৫ ভাগ বরাদ্দ দেয়া হয়।

বাজেট সম্পর্কে কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুল হাই জানান, বিশ্ববিদ্যালয়ের নব বিভাগ ও অফিসের প্রয়োজন অনুযায়ী বাজেট নির্ধারণ করলে ৬৬ কোটি ৫০ লাখ ৬২ হাজার টাকার প্রয়োজন।